১৫ মে, ২০২৬

হরমুজ ঘিরে উত্তেজনা, আরব সাগরের পথে ফ্রান্সের রণতরী



সংগৃহীত ছবি

মধ্যপ্রাচ্যের ক্রমবর্ধমান উত্তেজনার মধ্যে বিমানবাহী যুদ্ধজাহাজ ‘শার্ল দ্য গোল’কে হরমুজ প্রণালির আশপাশে মোতায়েন করছে ফ্রান্স। দেশটির সশস্ত্র বাহিনী মন্ত্রণালয়ের প্রতিনিধি অ্যালিস রুফো জানিয়েছেন, যুদ্ধজাহাজটি আরব সাগরের দিকে অগ্রসর হচ্ছে এবং ইতোমধ্যে ওই অঞ্চলে অবস্থান নিয়েছে।

ফরাসি সংবাদমাধ্যমের সঙ্গে আলাপকালে তিনি বলেন, আঞ্চলিক পরিস্থিতি বিবেচনায় নৌবাহিনীর উপস্থিতি জোরদার করা হচ্ছে।

গত ২৮ ফেব্রুয়ারি ইরানকে ঘিরে যুক্তরাষ্ট্র ও ইসরায়েল–এর সামরিক পদক্ষেপের পর উপসাগরীয় অঞ্চলে উত্তেজনা তীব্র আকার নেয়। পাল্টা প্রতিক্রিয়ায় তেহরান ইসরায়েল ও যুক্তরাষ্ট্রের মিত্রদের লক্ষ্য করে ব্যবস্থা নেয়। এর প্রভাবে গুরুত্বপূর্ণ হরমুজ প্রণালিতে নৌ চলাচলেও বিঘ্ন ঘটে।

পরে পাকিস্তান–এর মধ্যস্থতায় ৮ এপ্রিল যুদ্ধবিরতি কার্যকর হলেও আলোচনায় স্থায়ী সমাধান আসেনি। এরপর মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প যুদ্ধবিরতির সময়সীমা অনির্দিষ্টকালের জন্য বাড়ানোর ঘোষণা দেন।

এদিকে ১৩ এপ্রিল থেকে হরমুজ প্রণালিতে ইরানি সামুদ্রিক কার্যক্রম নজরদারিতে রেখেছে যুক্তরাষ্ট্র। এ নিয়ে এলাকাজুড়ে থেমে থেমে উত্তেজনাপূর্ণ পরিস্থিতি তৈরি হচ্ছে।

LENS ASIA